



প্রফেসর ফাহিমা খাতুন
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্ববাস্তবতায় ঢাকা শিক্ষা বোর্ড একটি পূর্ণাঙ্গ ওয়েবসাইটের মাধ্যমে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। তথ্য প্রযুক্তির মহাসড়কে ঢাকা শিক্ষা বোর্ডের তথ্য প্রবাহ সংশ্লিষ্টজনদের সর্বোত্তম সেবা প্রদানের আলোকে প্রণীত।

১৯২১ সালে প্রতিষ্ঠালগ্ন থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা শিক্ষাক্ষেত্রে অনন্য ভূমিকা রেখে আসছে। ঢাকা বিভাগের অন্তর্ভুক্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা সংগঠন, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং উন্নয়ন-এই বিধিবদ্ধ দায়িত্ব পালনসহ শিক্ষাসংশ্লিষ্ট বহুবিধ কার্য পরিচালনায় এ বোর্ডের সফল পদচারণা সর্বজনবিদিত। সেবা প্রদানের অনড় প্রতিশ্রুতিতে এই বোর্ড সেবাগ্রহীতার স্বার্থে অতীতে অনেক উদ্যোগ গ্রহণ করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়কে বাস্তবে রূপায়িত করার মহতী আয়োজনে জোরালো ভূমিকা রাখতে ঢাকা শিক্ষা বোর্ড দৃঢ়প্রতিজ্ঞ। মহান মুক্তিযুদ্ধের চেতনা, ইতিহাস, ঐতিহ্য, শিক্ষা ও জ্ঞানচর্চার আলোকে একটি আলোকিত প্রজন্মা তৈরির অঙ্গীকার পূরণের লক্ষ্যে www.dhakaeducationboard.gov.bd এ ওয়েবসাইটের শুভ সূচনা।

শিক্ষাক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহার জাতির সফল উত্তরণের শর্ত। ইন্টারনেটের মতো শক্তিশালী প্রযুক্তির কল্যাণে সবার কাছে সেবা পৌঁছে দেবার এই যুগোপযোগী কার্যক্রম জাতীয় উন্নয়নে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-র ভূমিকাকে আরো উজ্জ্বল করবে। আগামীদিনের পথচলায় সবার সহযোগিতা কাম্য।

কি.২২/২০ ৭/২/২০
প্রফেসর ফাহিমা খাতুন